| গ্রন্থাগার ভবন | ঠিকানা | অফিস প্রধান |
|---|---|---|
|  | ময়েজউদ্দিন জেলা সরকারি গণগ্রন্থাগার কমলাপুর রোড (ময়েজউদ্দিন স্কুল সংলগ্ন), ফরিদপুর।<br>ফোনঃ ০২৪৭৮৮০৩৭৭৭<br>ই-মেইল: librarianmgpl2015@gmail.com | সাজু আহম্মেদ<br>সহকারী লাইব্রেরিয়ান<br>মজেয়উদ্দিন জেলা সরকারি গণগ্রন্থাগার, ফরিদপুর।<br>ফোনঃ ০২৪৭৮৮০৩৭৭৭,<br>মোবাঃ০১৩০৮৪৫৭৩০৬ |

## ময়েজউদ্দিন জেলা সরকারি গণগ্রন্থাগার, ফরিদপুর।

| | |
|---|---|
| লাইব্রেরির সময়সূচি | শনিবার থেকে বুধবার (সকাল ১০.০০ মি. থেকে বিকাল ৬:০০ মি. পর্যন্ত)<br>বৃহস্পতি ও শুক্রবার সাপ্তাহিক ছুটি, অন্যান্য সরকারি ছুটির দিন বন্ধ) |
| বইয়ের সংখ্যা | ৪৪২৩৪ টি। |
| দৈনিক পত্রিকা | **বাংলা:** ১. ইত্তেফাক, ২. প্রথম আলো, ৩. জনকণ্ঠ, ৪. সংবাদ, ৫. যুগান্তর, ৭. সমকাল, ৮. কালেরকণ্ঠ, ৮. বাংলাদেশ প্রতিদিন, ৯. ভোরের প্রত্যাশা, ১০. বাঙালির সময়<br>**ইংরেজি:** 1. The Daily Star, 2. The Dhaka Tribune |
| সাময়িকী | চাকরির খবর, মাসিক সরগম, নিউজলেটার, ক্যারেন্ট এ্যাফেয়ার্স, শিক্ষাবার্তা, ঈদ সংখ্যা |
| বাঁধাইকৃত পত্রিকা | ১. প্রথম আলো (মার্চ/২০১০ থেকে চলমান), ২. ইনকিলাব (জানুয়ারি/১৯৯৪ থেকে ফেব্রুয়ারি/১৯৯৪) |
| সম্প্রসারণমূলক কার্যক্রম | সর্বস্তরের জনসাধারণের পাঠাভ্যাস বৃদ্ধি এবং গ্রন্থাগারের প্রতি আকৃষ্ট করার নিমিত্ত গ্রন্থাগারে সম্প্রসারণমূলক কার্যক্রম যেমন:<br>বিভিন্ন জাতীয় শোক দিবস উপলক্ষে রচনা, চিত্রাংকন, হাতের সুন্দর লেখা প্রতিযোগিতা আয়োজন করা হয়ে থাকে। এছাড়াও গ্রন্থ প্রদর্শনী, ওয়ার্কশপ- সেমিনার, আলোচনা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান আয়োজন করা হয়। |
| গ্রন্থাগার সেবা | ১. পাঠকসেবা, রেফারেন্স সেবা, ৩. সাম্প্রতিক তথ্যজ্ঞাপন সেবা, ৪. পরামর্শ সেবা, ৫. নির্বাচিত তথ্য বিতরণ সেবা, ৬. তথ্য অনুসন্ধান সেবা, ৭. পুস্তক লেনদেন সেবা, ৮. ফটোকপি সেবা, ৯. উপদেশমূলক সেবা, ১০. পুরাতন পত্রিকা সেবা। |
| ইন্টারনেট সেবা | গ্রন্থাগারে ইন্টারনেট সেবা প্রদান করা হয়ে থাকে। এছাড়া A2i প্রকল্পের আওতায় ইনফো-সরকার কর্তৃক প্রদত্ত ইন্টারনেট সংযোগের মাধ্যমে সীমিত পরিসরে wifi প্রযুক্তি সেবা প্রদান করা হচ্ছে। এ গ্রন্থাগারের তথ্য বাতায়ন www.publiclibrary.faridpur.gov.bd ওয়েব সাইটের মাধ্যমে নিয়মিত দাপ্তরিক ও তথ্যসেবা প্রদান করা হচ্ছে। সামাজিক যোগাযোগ মাধ্যম ‘জেলা সরকারি গণগ্রন্থাগার, ফরিদপুর’ নামে ফেসবুক পেইজ এর মাধ্যমে প্রচার কাজ চলমান আছে। |
| বেসরসারি পাঠাগার নিবন্ধান ও পরিচালনা | ফরিদপুর জেলার বিভিন্ন উপজেলায় অবস্থিত ২৭টি বেসরকারি গণগ্রন্থাগার এ গ্রন্থাগারের নিবন্ধনকৃত বেসরকারি গণগ্রন্থাগার হিসেবে পরিচালিত হয়। আবেদনের প্রেক্ষিতে যথাযথ নিয়ম মেনে নতুন গ্রন্থাগার নিবন্ধন অন্তর্ভূক্তিকরণ কার্যক্রম চলমান আছে। |
| ভবনের আয়তন | ৫০৮৮ বর্গফুট। |
| পাঠকক্ষের সংখ্যা | ০২ টি |

**অফিসের নাম:** ময়েজউদ্দিন জেলা সরকারি গণগ্রন্থাগার, ফরিদপুর। (২০২১-২২ অর্জন)

| | | |
|---|---|---|
| **দপ্তর পরিচিতি** | : | গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন ময়েজউদ্দিন জেলা সরকারি গণগ্রন্থাগার, ফরিদপুর একটি সরকারি সেবামূলক প্রতিষ্ঠান। শনিবার থেকে বুধবার অফিস ও পাঠকক্ষ খোলা রেখে পাঠকসেবা প্রদান করা হয়। কর্মকর্তা/কর্মচারিসহ সর্বমোট ৩ (তিন) জন দায়িত্ব পালন করছেন। |
| **উল্লেখযোগ্য কর্মকান্ড** | : | ময়েজউদ্দিন জেলা সরকারি গণগ্রন্থাগার, ফরিদপুর কর্তৃক ২০২১-২২ অর্থবছরে নিয়মিত কার্যক্রমের পাশাপাশি গণগ্রন্থাগার অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক বিশেষ কাযক্রম গ্রহণ করে। উল্লেখযোগ্য কাযক্রমগুলো নিম্নরূপ:<br>ক) জাতীয় গ্রন্থাগার দিবস: এ গ্রন্থাগারের আয়োজনে ০৫ ফেব্রুয়ারি ২০২২ তারিখে আলোচনা সভাসহ বিপুল উৎসাহ উদ্দীপনা ও যথাযথ ভাব গাম্ভীর্যের মধ্য দিয়ে জাতীয় গ্রন্থাগার দিবস ২০২২ উদ্‌যাপন করা হয়েছে।<br>খ) কর্ণার স্থাপন: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জীবন ও কর্ম, বাংলাদেশের সঠিক ইতিহাস নতুন প্রজন্মদের নিকট পৌছানোর জন্য ‘বঙ্গবন্ধু কর্ণার’ ও শিশুদের জন্য ‘রাসেল কর্ণার’ স্থাপন করা হয়েছে।<br>ঘ) নিরাপত্তা কার্যক্রম: গ্রন্থাগারের সার্বিক নিরাপত্তার জন্য ৬টি সিটি ক্যামেরা স্থাপন করা হয়েছে। ফলশ্রুতিতে গ্রন্থাগারের সম্পদ ও পুস্তক চুরি রোধ করা সম্ভব হয়েছে।<br>ঙ) সৌন্দর্যবর্ধণ: গ্রন্থাগারে আগত পাঠক-ব্যবহারকারীদের জন্য লাইব্রেরি ব্যবহার উপযোগী নিয়মিত পরিস্কার-পরিচ্ছন্ন কার্যক্রম পরিচালনা করা হয়। পাশাপাশি পাঠকক্ষে সামনে ফুলগাছ রোপনের মাধ্যমে সৌন্দর্যবর্ধন করা হয়েছে।<br>চ) প্রতিযোগিতা আয়োজন: ২০২১-২২ অর্থবছরে জাতীয় দিবসগুলোতে ৬টি প্রতিযোগিতায় ১১টি ইভেন্টে ৪২০ জন প্রতিযোগী অংশগ্রহণ করেছে এবং বিজয়ীদেরকে মেডেল, পুরস্কার ও সনদ বিতরণ করা হয়েছে।<br>ছ) বেসরকারি পাঠাগার কার্যক্রম: ফরিদপুর জেলার বিভিন্ন উপজেলায় অবস্থিত ০০টি বেসরকারি গণগ্রন্থাগার পরিদর্শন ও যাচাই পূর্বক নিবন্ধন সনদ প্রদান করা হয়েছে। |
| **আইসিটি সংক্রান্ত তথ্য** | : | ২০২১-২২ অর্থবছরে ৩২০ জন পাঠককে ইন্টারনেট সেবা প্রদান করা হয়েছে। এছাড়া A2i প্রকল্পের আওতায় ইনফো-সরকার কর্তৃক প্রদত্ত ইন্টারনেট সংযোগের মাধ্যমে সীমিত পরিসরে wifi প্রযুক্তি সেবা প্রদান করা হচ্ছে। এ গ্রন্থাগারের তথ্য বাতায়ন www.publiclibrary.faridpur.gov.bd ওয়েব সাইটের মাধ্যমে নিয়মিত দাপ্তরিক ও তথ্যসেবা প্রদান করা হচ্ছে। সামাজিক যোগাযোগ মাধ্যম ‘ জেলা সরকারি গণগ্রন্থাগার, ফরিদপুর’ নামে ফেসবুক পেইজ এর মাধ্যমে প্রচার কাজ চলমান আছে। |
| **ই-নথিতে পত্র জারি ও নোট নিষ্পত্তির সংখ্যা** | : | পত্রজারি ও নোট নিষ্পন্নের সংখ্যা ১৩ টি। নিষ্পন্ন ডাক সংখ্যা ৯৬টি। |
| **উদ্ভাবনী কার্যক্রম** | : | সিনিয়র সিটিজেনদের পাঠের সুবিধার্থে পৃথক টেবিলের ব্যবস্থা করা হয়েছে, নিউ এ্যারাইভেল সেলফ্ এর পরিসর বৃদ্ধি করা হয়েছে, মহিলা ও শিশু কর্ণার আধুনিকায়ন করা হয়েছে এবং চাকুরী প্রত্যাশীদের জন্য বিশেষ কর্ণারে পাঠসামগ্রী উল্লেখ্যযোগ্য হারে বৃদ্ধি করা হয়েছে। |
| **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী অর্জন** | : | বার্ষিক কর্মসম্পাদন (এপিএ) এর উল্লেখ্যযোগ্য সংখ্যক লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। |
| **জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত তথ্য** | : | জাতীয় শুদ্ধাচার কৌশল সামগ্রীকভাবে বাস্তবায়ন করা হয়েছে। |
| **বইমেলা সংক্রান্ত তথ্য** | : | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ব্যবস্থাপনায় স্থানীয় সরকার বিভাগের সহযোগিতায় জেলা প্রশাসন, ফরিদপুর কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির উদ্যোগে ৩০ ডিসেম্বর/২১ থেকে ০২ জানুয়ারি/ ২০২২ তারিখ ০৪ (চার) দিনব্যাপী জেলা প্রশাসক কার্যালয়ের চত্বরে অনুষ্ঠিত ‘বঙ্গবন্ধু ও স্বাধীনতা বইমেলায় অংশগ্রহণ। এছাড়াও ফেব্রুয়ারি মাসে ১০ দিনব্যাপি ফরিদপুর সরকারি রাজেন্দ্র কলেজ মাঠ প্রাঙ্গণে অনুষ্ঠিত ‘ফরিদপুর অমর একুশে গ্রন্থমেলা-২০২২’ এ অংশগ্রহণ করা হয়। এতে লাইব্রেরি ব্যবহারে নতুন পাঠকদের সমাগম ঘটে। সাংস্কৃতিক অনুষ্ঠানসহ নানা আয়োজন থাকার ফলে ফরিদপুর জেলা ও উপজেলার এর পরিচিতি ব্যাপক বৃদ্ধি পেয়েছে। |
| **করোনাকালে গৃহীত পদক্ষেপ** | : | স্বাস্থ্য বিষয়ক নির্দেশনা প্রদানসহ বৈশ্বিক মহামারি কোভিড-১৯ এর সংক্রমনের প্রতিরোধমূলক ব্যবস্থা হিসেবে সেবাগ্রহীতাদের হ্যান্ডসেনিটাইজিং এর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। কর্মকর্তা/কর্মচারীসহ আগত সেবাগ্রহীতাদের বাধ্যতামূলক মাস্ক পরিধান নিশ্চিত করা হয়েছে। |
| **যোগাযোগ** | : | মজেয়উদ্দিন জেলা সরকারি গণগ্রন্থাগার, কমলাপুর, ফরিদপুর।<br>ফোনঃ ০২৪৭৮৮০৩৭৭৭, মোবাঃ০১৩০৮৪৫৭৩০৬ |
| **উল্লেখযোগ্য ছবি ০২ (দুই কপি)** | : |   |